দৈনিক ইত্তেফাক

তারিখ ... AUG. 1999 ... ...
পৃষ্ঠা ১২ .. কলাম ৮ ......

# মৌলভীবাজার সরকারী কলেজে ছাত্রলীগ-ছাত্রদল সংঘর্ষে ৬ জন আহত

মৌলভীবাজার সংবাদদাতা ।। গত শনিবার মৌলভীবাজার সরকারী ডিগ্রী কলেজে দুইটি ছাত্র সংগঠনের মধ্যে সংঘর্ষ বাধিলে কর্তৃপক্ষে ৬ জন আহত হইয়াছে। কলেজ কর্তৃপক্ষ পরিস্থিতি সামাল দেওয়ার জন্য কলেজ বন্ধ ঘোষণা করিয়াছেন। জানা গিয়াছে যে, গত-কাল শনিবার দুপুরে কলেজ ক্যাম্পাসে ছাত্রলীগ ও ছাত্রদল পৃথক দুইটি মিছিল বাহির করিলে এক পক্ষ অপর পক্ষের মিছিলে ঢিল ছুড়িয়া মারে। ফলে উভয় পক্ষের মধ্যে সংঘর্ষ বাধিয়া যায়। এই সংঘর্ষে আহত ৬ জনের মধ্যে ৩ জনকে মৌলভীবাজার সদর হাসপাতালে ও ১ জনকে মৌলভী বাজার চক্ষু হাসপাতালে ভর্তি করা হইয়াছে। বাকী ২ জনকে প্রাথমিক চিকিৎসার পর ছাড়িয়া দেওয়া হয়। আহতরা হই তেছে সুজিত ভট্টাচার্য, রাজুদেব, তপন পাল, মাববুব, দুলাল-দেব ও শামসুল ইসলাম। সংঘর্ষ চলাকালে ৫ রাউণ্ড গুলী ও ৫/৬টি ককটেল ফাটানো হয়।